



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।
বুঁকি ব্যবস্থাপনা বিভাগ



ফোন : ০২-৯৫৫৩০২৮
ই-মেইল :
dgmrmmd@krishibank.org.bd

নং-বিকেবি/প্রকা/আরএমডি-১৯/২০২০-২০২১/২০৩১

তারিখ : ০৮-১২-২০২০

- ০১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০২। সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
- ০৩। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ Residual Risk সম্পর্কিত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ব্যাংক ব্যবসা পরিচালনার জন্য বর্তমানে সঠিক ন্যূনতম মূলধন নির্ণয় করা খুবই জরুরী। বর্তমানে ব্যাংকের ন্যূনতম মূলধন নির্ণয় করার জন্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশনানুযায়ী Risk Based Capital Adequacy নির্ণয়ের ক্ষেত্রে Credit risk, Market risk and operational risk এর পাশাপাশি বর্তমানে Residual Risk এর তথ্য জানা খুবই আবশ্যিক। তাই বর্তমানে ন্যূনতম মূলধন নির্ণয়ের ক্ষেত্রে Residual Risk একটি বিরাট ভূমিকা পালন করে।

Residual Risk দুটি কারণে সৃষ্টি হয়:-

১. Documentation Error :- ঋণ প্রদানের সময় যে সকল দলিলপত্রাদি গ্রহণ করা হয় সেখানে যে সমস্ত ভুল ত্রুটি পরিলক্ষিত হয় (যেমন ছবি না নেয়া, ভুল দলিল গ্রহণ, দলিলে ত্রুটি থাকা, জামানতি সম্পত্তির সঠিকতা যাচাই না করা, সকল স্থানে ঋণগ্রহীতার স্বাক্ষর গ্রহণ না করা, ঋণের ফর্ম খালি রাখা, ঋণের ফর্ম সঠিকভাবে পূরণ না করা, নাগরিক সনদ না নেওয়া, ঋণ মূল্যায়নকারী ও তদন্তকারীর স্বাক্ষর না থাকা ইত্যাদি)।
২. Valuation Error:- জামানতি সম্পত্তির মূল্যমান নির্ধারণে যে ত্রুটি হয় অর্থাৎ জামানতি সম্পত্তির মূল্য বেশী ধরা। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ব্যাংকিং নীতি ও প্রবিধি বিভাগের ২২-০৩-২০১১ তারিখের বিআরপিডি (বিআইসি)৬৬১/১৪ বি (পি)/২০১১-৬২ নং পত্র মোতাবেক সকল তফসিলি ব্যাংকের জন্য SRP-SREP (Supervisory review process- Supervisory review evaluation process Dialogue on ICAAP (Internal Capital Adequacy Assessment Process) ২০১১ সাল থেকে শুরু হয়। যা অদ্যবধি বছর ভিত্তিক ব্যাংকের প্রয়োজনীয় মূলধন নির্ণয়ের ক্ষেত্রে প্রযোজ্য আছে। প্রয়োজনীয় মূলধন নির্ণয়ের লক্ষে Residual Risk এর জন্য অতিরিক্ত কি পরিমাণ মূলধন রাখতে হবে তা নির্ধারণের জন্য আপত্তিকৃত ঋণ সমূহের তথ্য জানা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, ১/৭/২০১৯ হতে ৩০/০৬/২০২০ পর্যন্ত ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষায় আপত্তিকৃত সকল প্রকল্প ঋণ/সিসি ঋণ/ জামানতি সম্পদের বিপরীতে প্রদত্ত ঋণের তথ্যাবলী শাখানুযায়ী একত্রীভূত করে নিশ্চয় হক মোতাবেক ২৮-০১-২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকগণকে নির্দেশনা প্রদান করা হল।

চলমান পৃষ্ঠা

—

✓

ছক :


স্বধুমাত্র অভ্যন্তরীণ নিরীক্ষায় আপত্তিকৃত সিসি / প্রজেক্ট/ জামানতি সম্পত্তির বিপরীতে প্রদত্ত ঋণের জন্য প্রযোজ্য।

(লক্ষ টাকায়)

শাখার নাম	ঋণ গ্রহীতার নাম ও ফলিও নং	ঋণের প্রকৃতি (সিসি/প্রকল্প/ অন্যান্য)	ভুলের প্রকারভেদ (Documentation/ Valuation Error)	অনাদায়ী ঋণের পরিমাণ	ঋণের শ্রেণীবিন্যাস (ইউসি,এসএস, ডিএফ,বিএল)	CL format অনুযায়ী ঋণের Base for provision

০৩। উল্লেখ্য, এতদসংক্রান্ত কোন অতিরিক্ত তথ্যের প্রয়োজন হলে বা এতদসংক্রান্ত কোন ধরনের জটিলতা/ অস্পষ্টতা পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে বুকিং ব্যবস্থাপনা বিভাগের সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) জনাব মোঃ আকতার হোসেন (মোবাইল নং- ০১৮১৭০৭১৪৮৭) এবং মুখ্য কর্মকর্তা জনাব নাজমুন নাহার কেয়া(মোবাইল নং-০১৭৫২৭৭৬৬৩০) এর সাথে যোগাযোগের নির্দেশনা দেয়া হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।


০৮/১২/২০২০
(পারতীন আকতার)


মহাব্যবস্থাপক
(আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)

নং-বিকেবি/প্রকা/আরএমডি-১৯/২০২০-২০২১/২০৩১

তারিখ : ০৮-১২-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চীফ স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। নথি/ মহানথি।


(মোঃ আকতার হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)